

১.প্রশ্ন: WMBA এর পরবর্তী Circular কবে হবে ?

উত্তর: সাধারণত: পূর্বের ভর্তি বিজ্ঞপ্তির তিন থেকে সাড়ে তিন মাসের মধ্যে পরবর্তী ভর্তি বিজ্ঞপ্তি দেওয়া হয়। ভর্তি বিজ্ঞপ্তি অনুষদের Website এবং দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হয়। অনুগ্রহ করে চোখ রাখুন।

২. প্রশ্ন:bkash- এ টাকা পাঠানোর সময় Counter নম্বর কত দিব? bkash app দিয়ে টাকা পাঠানোর সময় Counter নম্বর কিভাবে দিব ?

উত্তর: Admission Process এর ২য় ধাপের Bkash এর মাধ্যমে টাকা প্রদানের Step গুলোর মধ্যে Counter নম্বর 1 আছে। আপনি 1 দিবেন। bkash app ব্যবহার করে payment করার সময় Counter নম্বর দেওয়ার প্রয়োজন নেই।

৩.প্রশ্ন: Admission test এর পূর্বে কোন কাগজপত্র Faculty তে জমা দিতে হবে কী?

উত্তর: না, কোন কিছু জমা দিতে হবে না Admission test এর পূর্বে। তবে সাক্ষাৎকারের সময় এবং চূড়ান্ত নির্বাচনের পর কর্তৃপক্ষের নির্দেশনা অনুসারে জমা দিতে হবে।

8.প্রশ্ন: সব তথ্য ঠিকমত Input দেওয়ার পরও Admit Card পাওয়া যাচ্ছে না।

উত্তর: Admit Card না পাওয়ার কারণ মাত্র ২টা। প্রথমত: ভর্তি বিজ্ঞপ্তি বা Admission Process এ উল্লিখিত Fee এর চেয়ে টাকার পরিমাণ কম দেওয়া এবং দ্বিতীয়ত: Get Admit Card এ ক্লিক করে মোবাইল নং, রেফারেন্স নং এবং Trx ID input দেওয়ার ক্ষেত্রে কোথাও ভুল করলে। যেমন- Trx ID - এর ক্ষেত্রে বড় হাতের O বা 0 (Zero) এবং I বা 1 (One) থাকলে তা ঠিকমত Entry দিতে হবে। মোবাইল নং হবে যা ভর্তি ফরমে উল্লেখ করা হয়েছে এবং Ref. No হবে কম্পিউটার প্রদত্ত (১১ ডিজিট/ অঙ্কর) যা ১ম ধাপে Form পূরণ করার পর পাওয়া গেছে।

৫. প্রশ্ন: bkaash Payment এর সময় Reference এর স্থানে Ref. No (১ম ধাপে প্রাপ্ত) না দিয়ে ভুলে 1 বা ফোন নং দেয়ার ফলে Admit Card পাওয়া যাচ্ছে না ।

উত্তর:bkaash Payment এর ক্ষেত্রে এ ধরনের ভুলের জন্য Admit Card পেতে কোন জটিলতা হবে না। Get Admit Card এ Click করে Reference এর জায়গায় ঠিক Ref. নম্বর টি (১ম ধাপে প্রাপ্ত) Input দিবেন টাইপ করে। bkaash Payment এর সময় ভুল করে যা দিয়েছিলেন তা দিবেন না। এর পর বাকী তথ্য প্রদান সাপেক্ষে Admit Card গ্রহণ করবেন।